গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
**সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া**
**পোস্ট কোড: বগুড়া-৫৮০০, বাংলাদেশ।**
কলেজ কোড: জা.বি.-২৭০১, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী-৪৪২৫, EIIN-119246, বাউবি-৮৬১
www.ahcollege.gov.bd, E-mail: ahcollege@gmail.com
ফোন: অধ্যক্ষ অফিস-০২৫৮৮৮১৩৫৮৫, উপাধ্যক্ষ অফিস-০৫১৬১৭৯২ ও উচ্চমাধ্যমিক ভবন অফিস-০২৫৮৯৯০২০৭৯

**২০২২-২০২৩ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে প্রাথমিক আবেদন জমা সংক্রান্ত বিজ্ঞপ্তি (সংশোধিত)**

তারিখ: ০৪ আষাঢ় ১৪৩২ / ১৮ জুন ২০২৫

এতদ্বারা এই কলেজে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তিচ্ছু শিক্ষার্থীদেরকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www nu.ac.bd/admissions) থেকে যথাযথ নিয়মে আবেদন ফরম ডাউনলোড করে কলেজের ওয়েবসাইটে (ahcollege gov bd)-তে প্রবেশ করে Apply for admission ক্লিক করে ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসি-এর Cellfin পেমেন্ট গেটওয়ের মাধ্যমে যেকোন মোবাইল ব্যাংকিং, অনলাইন ব্যাংকিং ও ব্যাংক কার্ড ব্যবহার করে ৪০০/- (চারশত) টাকা মাত্র আবেদন ফরমে উল্লিখিত রোলের অনুকূলে জমা দিয়ে পেমেন্ট স্লিপ প্রিন্ট নিয়ে স্ব স্ব বিভাগে ০৭/০৭/২০২৫ খ্রি. তারিখের মধ্যে জমা দিতে হবে।

<u>আবেদনের সাধারণ যোগ্যতা ও শর্তাবলী:</u>

ক) এ ভর্তি কার্যক্রমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮ থেকে ২০২২ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। এছাড়া আবেদনকারীর প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তিচ্ছু বিষয়ে সনাতন পদ্ধতিতে ৪০০ নম্বরের মধ্যে ন্যূনতম ৪০% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে পঠিত বিষয়ে ২৪ ক্রেডিটের মধ্যে ন্যূনতম জিপিএ ২.০ পেতে হবে।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী পরবর্তীতে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টমাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদনের যোগ্যতা ও শর্তাবলী পূরণ সাপেক্ষে রেজিস্ট্রেশন করার সুযোগ পাবে।

গ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮ থেকে ২০২২ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে ন্যূনতম ৪৫% নম্বর অথবা জিপিএ ২.২৫ পেলে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

ঘ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স। ১ম পর্ব/প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ/অধ্যয়নরত অথবা অন্য কোন মানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। এ লক্ষ্যে "জাতীয় বিশ্ববিদ্যালয়/যে কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো"। মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা স্ক্যান করে অনলাইন আবেদনে আপলোড করতে হবে। শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

ঙ) প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে ঐ আবেদনকারীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৮/০৬/২৫
প্রফেসর মো: শওকত আলম মীর (৫৬৯০)
অধ্যক্ষ
সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া

প্রফেসর মোঃ শওকত আলম মীর (৫৬৯০)
অধ্যক্ষ
সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া।

<u>প্রাথমিক আবেদনের প্রয়োজনীয় কাগজপত্র:</u>

১। প্রাথমিক আবেদনের ডাউনলোডকৃত ফরম মূল কপি ০১ টি ও ফটোকপি ০১টি।
২ স্নাতক (পাস) পরীক্ষার নম্বরপত্রের ফটোকপি।
৩। স্নাতক (পাস) পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।
৪। দ্বৈত ভর্তি সম্পর্কিত অঙ্গীকারনামার কপি।
৫। Cellfin এর মাধ্যমে ৪০০/- টাকা পরিশোধের স্লিপ ১টি।
(সকল কাগজপত্র সিরিয়াল অনুযায়ী সাজিয়ে পিনআপ করে জমা দিতে হবে)

E:\Admission Notice\2025\Masters Preliminary 2022-2024 Regular\Application of Admission Notice.doc

CamScanner